শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব১০০

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০২.০০৮.২৩.০৫৭২ তারিখঃ ২৩ জানুয়ারী/২০২৩ খ্রিঃ
০৯ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নোক্ত শূণ্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪,৩০০-০৮ ও ৩০০-৫১ এবং ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে শূন্য পদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| বিলিং সুপারভাইজার | পবিস নির্দেশিকা ৩০০-১৩,৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | (ক) বিলিং সহকারী হিসেবে নুন্যতম ০৭ (সাত) বছর নিয়মিত চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুপমেন্ট পরিচালনায় সক্ষম হতে হবে।<br>(গ) বাংলা প্রতি মিনিটে ন্যুনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে নুন্যতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষনে উত্তীর্ণসহ পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্ত পুরন করতে হবে।<br>(ঙ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়নের রেটিং নুন্যতম ৩.৫০ থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগনকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিত করনের তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ আগামী ০৬-০২-২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকার সময় প্রার্থীগনকে স্ব-শরীরে ময়মনসিংহ পবিস-২ এর সদর দপ্তর, কাঠাঁলী,ভালুকা-তে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র /দলিলাদি এজিএম (এইচআর/ প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।

০২। <u>আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ</u>

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) বিগত ০৩(তিন) বৎসরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
(গ) শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) জাতীয় পরিচয় পত্র/ ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(ঙ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের সত্যায়িত ফটোকপি।
(চ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
(ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(জ) প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক বর্তমানে বিভাগীয় মামলা অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা বিভাগীয় কার্যধারার অধীন তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(ঝ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষনে উত্তীর্ণের সত্যায়িত ফটোকপি।
(ঞ) সকল কাগজ পত্র সহকারী জেনারেল ম্যানেজার(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। <u>পদোন্নতির জন্য স্বাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নোক্ত প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে নাঃ</u>

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১ (এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ ঘোষিত হয়েছেন।
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে।
(জ) ইতোপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

**শর্তাবলীঃ**

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০২। অত্র সমিতির এলাকা পরিচালক/ মহিলা পরিচালক এবং কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী বা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কের আত্মীয় স্বজনদের আবেদন করার প্রয়োজন নেই।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ''চলতি দায়িত্ব'' পদে নিয়োগ করা হবে।''চলতি দায়িত্ব'' থাকাকালীন ০১ (এক) বৎসরের কর্মমূল্যায়ন কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত হলে এবং বাপবিবোর্ডের প্রয়োজনীয় প্রশিক্ষনে উত্তীর্ণ হলে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/ পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৪। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী সর্বশেষ পবিস এর বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি নির্ধারন করা হবে।

০৫। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরূদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৭। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২৬.১.২৬
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মাঃ ও ব্যাঃ পঃ (উঃঅঃ/কেঃঅঃ/পূঃঅঃ/দঃঅঃ/পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৫। ডিজিএম, মাওনা/গফরগাঁও/শ্রীপুর/ত্রিশাল/ জামিরদিয়ামাস্টার বাড়ি জোনাল অফিস, মপবিস-২।
০৬। এজিএম (ওএন্ডএম/সদস্য সেবা/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি), মপবিস-২।
০৭। এজিএম (ওএন্ডএম) বাটাজোর/কাওরাইদ সাব-জোনাল অফিস, মপবিস-২।
০৮। নোটিশ বোর্ড, মপবিস-২।
০৯। অফিস কপি/মাষ্টার কপি।

২৬.১.২৬
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

E:\হাফিজা\নিয়োগ সংক্রান্ত\নিয়োগ সংক্রান্ত-01-01-2022 বিজ্ঞপ্তি.DOC